

উন্নয়নের মূলধারায়

আন্দোলিত বাংলাদেশ



জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে গতকাল রোববার 'মেট্রোরেল : গণপরিবহনে বৈজ্ঞানিক বিপ্লব' শীর্ষক শিক্ষামূলক অধিবেশন অনুষ্ঠিত হয়

বিজ্ঞান জাদুঘরে মেট্রোরেলের ওপর অধিবেশন

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে গতকাল রোববার 'মেট্রোরেল : গণপরিবহনে বৈজ্ঞানিক বিপ্লব' শীর্ষক এক শিক্ষামূলক অধিবেশন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা, শিক্ষক, শিক্ষার্থী এবং বিজ্ঞান জাদুঘরের সব স্তরের কর্মকর্তা-কর্মচারীরা অংশগ্রহণ করেন। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের (ডিএমটিসিএল) পরিচালক (যুগ্ম সচিব) ড. মো. মশিউর রহমান। তিনি মেট্রোরেলের বহুমাত্রিক দিক সম্পর্কে বিস্তারিত আলোকপাত করেন। অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরী বলেন, মেট্রোরেল একটি সময়বান্ধব,

জনবান্ধব, নারীবান্ধব ও পরিবেশবান্ধব এক অনন্য গণপরিবহন। এ বাহনের নিরাপদ ও সযত্ন ব্যবহার নিশ্চিত করা নাগরিক হিসেবে আমাদের নৈতিক কর্তব্য। পাশাপাশি ব্যক্তিগত গাড়ির ব্যবহার সীমিত করতে হবে এবং প্রাকৃতিক সম্পদের সুরক্ষা করে আগামী প্রজন্মের জন্য নিরাপদ ভবিষ্যৎ রেখে যেতে হবে। ঢাকা শহরকে দূষণমুক্ত রাখতে মেট্রোরেলের অবদান অপরিসীম। রেলযোগাযোগকে বর্তমান সরকার গুরুত্ব প্রদান করছে। ভবিষ্যতে মেট্রোরেলকে সৌরবিদ্যুৎচালিত করা যায় কি না, তাও বিবেচনায় আনতে হবে। এছাড়া বক্তব্য রাখেন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের কিউরেটর মাসুদুর রহমান এবং পরিচালক একেএম লুৎফুর রহমান সিদ্দীক। সংবাদ বিজ্ঞপ্তি।



National Museum of Science and Technology holds a seminar on 'Metro Rail: Scientific Revolution In Public Transport' at its auditorium in the capital on Sunday.
■ NN photo